

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৩৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৪.১৮-৩৫৪

তারিখঃ ৩০ আশ্বিন ১৪২৫
১৫ অক্টোবর ২০১৮


বিষয়ঃ মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১৫৯৯২/২০১৭ মামলায় ১৩/১২/২০১৭ খ্রি: তারিখের আদেশ অনুযায়ী ঢাকার মিরপুরস্থ হযরত শাহ আলী বাগদাদী (র:) কামিল মাদ্রাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব কে.এম. সাইফুল্লাহ এর স্থগিতকৃত এমপিও ছাড়করণ ও তাঁর (জনাব কে.এম সাইফুল্লাহ) স্বাক্ষরে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলনের নির্দেশনা প্রদান সংক্রান্ত।

সূত্রঃ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০০১.১৮-২৯৫, তারিখ: ১২/০৯/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১৫৯৯২/২০১৭ মামলায় ১৩/১২/২০১৭ খ্রি: তারিখের আদেশ অনুযায়ী ঢাকার মিরপুরস্থ হযরত শাহ আলী বাগদাদী (র:) কামিল মাদ্রাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব কে.এম. সাইফুল্লাহ এর স্থগিতকৃত এমপিও ছাড়করণ ও তাঁর (জনাব কে.এম সাইফুল্লাহ) স্বাক্ষরে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলনের বিষয়ে নির্দেশনা প্রদানের পূর্বে নিম্নোক্ত তথ্যাদি/কাগজপত্রাদি প্রয়োজন-

- (ক) রিট পিটিশন নং- ১৫৯৯২/২০১৭ মামলায় কি প্রতিকার চাওয়া হয়েছে?
- (খ) রিট পিটিশন নং-১৫৯৯২/২০১৭ মামলায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের যে দুটি স্মারকের (যথাক্রমে ১৬.১০.২০১৭ এবং ২৪.১০.২০১৭ তারিখের) উল্লেখ রয়েছে সে দুটি স্মারকের বর্তমানে কার্যকারিতা আছে কিনা?
- (গ) ১৬.১০.২০১৭ খ্রি: ও ২৪.১০.২০১৭ খ্রি: তারিখের স্মারক দুটির কার্যকারিতা না থাকলে মহামান্য হাইকোর্ট বিভাগের ২২.০৫.২০১৮ তারিখের আদেশের Legal effect কতটুকু?
- (ঘ) বর্তমানে উক্ত মাদ্রাসার এমপিও কার কার স্বাক্ষর ও প্রতিস্বাক্ষরে উত্তোলিত হচ্ছে? এবং তা কিসের ভিত্তিতে?
- (ঙ) জনাব কে এম সাইফুল্লাহর এমপিও কেন এবং কিসের ভিত্তিতে স্থগিত হয়েছে?
- (চ) জনাব কে এম সাইফুল্লাহর এমপিও যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্থগিত হয়ে থাকলে উক্ত স্থগিতাদেশ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যাহার করা হয়েছে কিনা? প্রত্যাহার না হয়ে থাকলে তা DME কর্তৃক চালুর করার সুযোগ আছে কিনা?
- (ছ) সরকার এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী জনাব কে এম সাইফুল্লাহর উক্ত মাদ্রাসায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনের সুযোগ আছে কিনা? থাকলে কিভাবে এবং না থাকলে বর্তমানে কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করছেন?
- (জ) রিট পিটিশন নং-১৫৯৯২/২০১৭ মামলায় সরকার তথা DME এর পক্ষে জবাব দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে উক্ত জবাবের আলোকে কোন শুনানী হয়েছে কিনা? এবং এর ফলাফল কি?
- (ঝ) জবাব দাখিল না হয়ে থাকলে জবাব দাখিল না হওয়ার কারণ কি এবং কবে নাগাদ জবাব দাখিল করা হবে?
- (ঞ) কনটেম্পট পিটিশন নং-৩৫৯/২০১৮ মামলার জবাব দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে উক্ত মামলার সর্বশেষ অবস্থা কি?
- (ট) কনটেম্পট পিটিশন নং ৩৫৯/২০১৮ মামলার জবাব দাখিল না হয়ে থাকলে কবে নাগাদ জবাব দাখিল করা হবে?
- (ঠ) রিট পিটিশন নং- ১৫৯৯২/২০১৭ মামলার আদেশের কপিসমূহ।
- (ড) কনটেম্পট পিটিশন নং-৩৫৯/২০১৮ মামলার রুলনিশি, আর্জি ও আদেশের কপি।

০২। এমতাবস্থায়, উল্লিখিত মতে প্রয়োজনীয় তথ্যাদি (প্রমাণকসহ) আগামী ০৫/১১/২০১৮ খ্রি: তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইক্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের সদয় অবগতির জন্য)।